গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
গুরুদয়াল সরকারি কলেজ
কিশোরগঞ্জ

তারিখঃ ১৯/০৩/২০২৩ খ্রি.

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট: (www.nu.ac.bd/admissions)**

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজসমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমের অনলাইন প্রাথমিক আবেদন ১৬ মার্চ ২০২৩ বিকাল ৪:০০ টা থেকে শুরু হয়ে ২৭ মার্চ ২০২৩ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- **(তিনশত) টাকা** কলেজ কর্তৃক নির্ধারিত বিকাশ অ্যাপের মাধ্যমে **২৮ মার্চ ২০২৩** তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস ০২ মে ২০২৩ তারিখ থেকে শুরু হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও নির্দেশনা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Prospectus/Important Notice অপশন থেকে জানা যাবে।

বি: দ্র: সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।

**আবেদনের যোগ্যতা ও শর্তাবলী :**

ক) এ ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এছাড়া আবেদনকারীর প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু বিষয়ে স্নাতক (পাস) পর্যায়ে ৪০০ নম্বরের পঠিত বিষয় হিসাবে থাকতে হবে এবং তাতে ন্যূনতম ৪০% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে জিপিএ ২.০০ পেতে হবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (পাস) প্রাইভেট/সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী পরবর্তীতে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদনের যোগ্যতা ও শর্তাবলী পূরণ সাপেক্ষে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৬ থেকে ২০২০ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত শিক্ষার্থীরা প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে ন্যূনতম ৪৫% নম্বর অথবা জিপিএ ২.২৫ পেলে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব/প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ/অধ্যয়নরত অথবা অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা স্ক্যান করে অনলাইন আবেদনে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**আবেদন ফরম জমার স্থান : ভর্তি কেন্দ্র ( কলেজ অফিস সংলগ্ন), সময় : সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত**

**ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণের এবং বিকাশ অ্যাপসের মাধ্যমে ফি পরিশোধের নিয়মাবলী :**

১। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তির প্রাথমিক আবেদন সংক্রান্ত কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে।

২। আবেদনকারী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd/admissions অথবা www.nu.ac.bd এ প্রবেশ করে যথাযথভাবে আবেদন ফরম পূরণ করে সাবমিটপূর্বক ডাউনলোড করে নিতে হবে।

৩। পূরণকৃত আবেদন ফরম এবং পেমেন্ট রিসিপ্ট/ফি জমাদানের ম্যাসেজের প্রিন্ট কপি পূরণকৃত আবেদন ফরমের সাথে আগামী **১৯/০৩/২০২৩ হতে ২৮/০৩/২০২৩ তারিখ, সময় : সকাল ১০:০০ টা হতে দুপুর ১:০০ টার মধ্যে ভর্তি কেন্দ্র (কলেজ অফিস সংলগ্ন) জমা দিতে হবে।**

৪। ভর্তির আবেদন ফরম পূরণ সংক্রান্ত যেকোনো নোটিশ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.ac.bd কলেজের ওয়েবসাইট www.gdc.gov.bd/কলেজের পেইজবুক পেইজ https://www.facebook.com/profile.php?id=100089180170603 এ পাওয়া যাবে।

**৫। ওয়েব সাইট হতে Online এ আবেদন ফরম পূরণ করলে ২৪ ঘন্টার পর বিকাশ অ্যাপসের মাধ্যমে পরীক্ষা ফি প্রদান করা যাবে।**

**৬। আবেদন ফরম পূরণের উল্লিখিত টাকা বিকাশ অ্যাপেসের মাধ্যমে নিম্নোক্ত পদ্ধতিতে পরিশোধ করতে হবে।**

****ফি পরিশোধ প্রক্রিয়া নিম্নরূপ:**

**ধাপ ১ : Bkash App এ Login করতে হবে।**
**ধাপ ২ : বিকাশ আরো/ More সিলেক্ট করতে হবে।**
**ধাপ ৩ : Education Fee সিলেক্ট করতে হবে।**
**ধাপ ৪ : Gurudayal Government College (প্রতিষ্ঠানের নাম) সিলেক্ট করতে হবে।**
**ধাপ ৫ : স্টুডেন্ট আইডি দিতে হবে (আবেদনকারীর আবেদন ফরমের সাত ডিজিটের এডমিশন রোল)**
**ধাপ ৬ : পরবর্তী ধাপসমূহ যথাযথ সম্পন্ন করুন।**

**আবেদন ফরম পূরণ সংক্রান্ত সতর্কতা :**

১। নির্ধারিত বিকাশ Pay Bill ব্যতীত অন্য কোনভাবে পরীক্ষার আবেদন ফরমের ফি পরিশোধ করা যাবে না।

২। ফি পরিশোধ সংক্রান্ত ম্যাসেজ সংরক্ষণ করতে হবে।

(প্রফেসর আ.ন.ম. মুশর্রাফুর রহমান)
আইডি নং ০০০০২০৯৭
অধ্যক্ষ
গুরুদয়াল সরকারি কলেজ, কিশোরগঞ্জ